

PRINT

# সমকাল

## বাকুবিতে বিএসভিআরের বৈজ্ঞানিক সম্মেলন

১১ ঘণ্টা আগে

### বাকুবি প্রতিনিধি

বাংলাদেশ কৃষি বিশ্ববিদ্যালয়ে (বাকুবি) বাংলাদেশ সোসাইটি ফর ভেটেরিনারি এডুকেশন অ্যান্ড রিসার্চের দু'দিনব্যাপী বৈজ্ঞানিক সম্মেলন শুরু হয়েছে। শনিবার সকালে বিশ্ববিদ্যালয়ের শিল্পাচার্য জয়নুল আবেদিন মিলনায়তনে এ বৈজ্ঞানিক সম্মেলনের উদ্বোধন করা হয়। ২৪তম এ সম্মেলনের প্রতিপাদ্য 'বাংলাদেশের ভবিষ্যৎ ভেটেরিনারি শিক্ষা'। উদ্বোধন অনুষ্ঠানে বিএসভিআরের ভারপ্রাপ্ত সভাপতি অধ্যাপক ড. মো. শহীদুর রহমান খানের সভাপতিত্বে প্রধান অতিথি হিসেবে উপস্থিত ছিলেন উপাচার্য অধ্যাপক ড. মো. আলী আকবর। সম্মানিত অতিথি হিসেবে ইমেরিটাস অধ্যাপক ড. এম এ সান্তার মণ্ডল, বিশেষ অতিথি হিসেবে ভেটেরিনারি অনুষদের ডিন অধ্যাপক ড. প্রিয়মোহন দাস প্রমুখ উপস্থিত ছিলেন।

© সমকাল 2005 - 2017

সম্পাদক : গোলাম সারওয়ার । প্রকাশক : এ কে আজাদ

১৩৬ তেজগাঁও শিল্প এলাকা, ঢাকা - ১২০৮ । ফোন : ৮৮৭০১৭৯-৮৫, ৮৮৭০১৯৫, ফ্যাক্স : ৮৮৭০১৯১, ৮৮৭৭০১৯৬, বিজ্ঞাপন : ৮৮৭০১৯০ । ইমেইল: info@samakal.com